জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন/২০১৯/৪৫৭৬ তারিখ: ১৫/০১/২০২০

২০১৯ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

অনলাইন রেজিস্ট্রেশন আবেদন সম্পর্কিত নিয়মাবলী ও প্রয়োজনীয় তথ্যাদি

১। আবেদনের যোগ্যতা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী ২০১৯ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

ঙ) **প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।**

২। অনলাইনে আবেদনের নিয়মাবলী ও ধার্যকৃত ফি

ক) আবেদনকারীকে ২০/০১/২০২০ তারিখ বিকাল ৪টা থেকে ০২/০২/২০২০ তারিখ রাত ১২টার মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Master's Tab এ গিয়ে Apply Now (Masters Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে।

খ) **২০১৯ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে সংশ্লিষ্ট কলেজসমূহে যে সকল বিষয়ে অধিভুক্তি আছে সে সকল বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন আবেদনকারী আবেদন করতে পারবে।**

গ) **জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৯ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

ঘ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে আবেদনকারীর ভর্তি যোগ্য (Eligible) বিষয় দেখতে পাবে।

ঙ) আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে। **আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি অনলাইন আবেদন ফরমে আপলোড করা হলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।**

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন:** আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে আবেদনকারী তার আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে Applicant Login (Masters private) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। **প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।**

জ) আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীর স্নাতক (সম্মান)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি, প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের তারিখসহ স্বাক্ষর ও সীল দিয়ে আবেদনকারীকে ফেরত দিবে।

৩। আবেদনের সময়সূচি

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	অনলাইনে আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ:	২০/০১/২০২০ থেকে ০২/০২/২০২০
খ)	আবেদনকারীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করে আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে উল্লিখিত কলেজে জমা দেয়ার তারিখ:	২১/০১/২০২০ থেকে ০৩/০২/২০২০
গ)	কলেজ কর্তৃক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়নের তারিখ:	২১/০১/২০২০ থেকে ০৫/০২/২০২০

ঘ)	কলেজ কর্তৃক আবেদনকারীদের আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে]** ও রেজিস্ট্রেশন ফি **[আবেদনকারী প্রতি ৮০০/- (আটশত) টাকা হারে]** "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Masters Private)** অপশনে ক্লিক করে দু'টি আলাদা **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০১৯ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রাথমিক আবেদন (ভর্তি ফান্ড) ফি ও রেজিস্ট্রেশন ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর যথাক্রমে **0218100003245** ও **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৬/০২/২০২০ থেকে ১১/০২/২০২০

৪। বিষয় নির্বাচন

ক) **অনুমোদিত বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, আরবী, ইসলামিক স্টাডিজ, সংস্কৃত, পালি, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং। সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে উল্লিখিত বিষয়সমূহে অধিভুক্তি থাকলে কেবলমাত্র ঐ সকল বিষয়ে প্রাইভেট রেজিস্ট্রেশন করা যাবে।**

খ) **বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পর্যায়ে পঠিত বিষয় হতে হবে।**

৫। রেজিস্ট্রেশনের অন্যান্য শর্তাবলী

ক) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া হবে না;

খ) **২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের বিষয়ভিত্তিক সিলেবাস ২০১৯ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের জন্য প্রযোজ্য হবে।**

গ) আবেদনকারী প্রার্থীকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে।

ঘ) **মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ ।**

৬। পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে

ক) স্নাতক (সম্মান)/**১ম পর্ব মাস্টার্স** (নিয়মিত/প্রাইভেট)/**প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)** পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

খ) সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/ ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;

গ) স্নাতক (সম্মান)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;

ঘ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।

৭। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) সংশ্লিষ্ট কলেজ মাস্টার্স (প্রাইভেট) রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর **College (Postgraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত (মাস্টার্স নিয়মিত প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে প্রদত্ত) **User ID** ও **Password** এন্ট্রি দিবে। আবেদন ফরম নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** পাওয়া যাবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীদের আবেদন ফরম নিশ্চয়ন করতে পারবে।

খ) কলেজ কর্তৃপক্ষকে আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। **এ লক্ষ্যে অনুচ্ছেদ-১ এ বর্ণিত "আবেদনের যোগ্যতা" এর সকল শর্ত পূরণ হয়েছে কিনা তা যাচাই করে নিতে হবে**। আবেদন ফরমে আবেদনকারীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে।

গ) কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন** করা যাবে না। **ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।**

ঘ) **বিষয়ওয়ারী পত্র কোড এন্ট্রি**

কলেজ কর্তৃক ২০১৯ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের বিষয়ওয়ারী পত্র কোড এন্ট্রি দিতে হবে। এ লক্ষ্যে **সংশ্লিষ্ট** কলেজকে **Login** এর মাধ্যমে **Paper Code Entry (Masters Private)** অপশনে ক্লিক করে শিক্ষার্থীদের পত্র কোড এন্ট্রি দিতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পত্রকোড এন্ট্রি না দেয়া হলে অথবা ভুল পত্র কোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। **২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের জন্য প্রযোজ্য সিলেবাস থেকে পত্র কোড এন্ট্রি দিতে হবে**। রেজিস্ট্রেশন কার্ড ইস্যুর পর পত্রকোড পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

৮। মাস্টার্স (প্রাইভেট) রেজিস্ট্রেশন আবেদনের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক যোগ্যতা ও কলেজ তালিকা

ক) **মাস্টার্স (প্রাইভেট) রেজিস্ট্রেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে নির্বাচিত বিষয়ে [অনুচ্ছেদ-৪ (ক) এ বর্ণিত বিষয়সমূহ] অধিভুক্তি থাকতে হবে এবং অধিভুক্তি নবায়ন হালনাগাদ থাকতে হবে।**

খ) **অধিভুক্ত বিষয়ে মাস্টার্স (প্রাইভেট) রেজিস্ট্রেশনের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) থেকে যথাযথ প্রক্রিয়ায় অনুমোদন গ্রহণ করবেন।**

নিম্নবর্ণিত কলেজসমূহে ২০১৯ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে

ক্রম	কলেজ কোড	কলেজের নাম	ক্রম	কলেজ কোড	কলেজের নাম
১.	০১০১	সরকারি পিসি কলেজ, বাগেরহাট	৩২.	৪৩০৫	হাজী মুহাম্মদ মুহসীন কলেজ, চট্টগ্রাম
২.	০২০১	সাতক্ষীরা সরকারি কলেজ	৩৩.	৪৩০৬	চট্টগ্রাম কমার্স কলেজ, চট্টগ্রাম
৩.	০৩২২	বি এল কলেজ, খুলনা	৩৪.	৪৪০৭	কক্সবাজার সিটি কলেজ
৪.	০৫০১	এম এম কলেজ, যশোর	৩৫.	৪৬০১	রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি
৫.	০৯০১	মেহেরপুর সরকারি কলেজ	৩৬.	৪৮০১	নেত্রকোনা সরকারি কলেজ, নেত্রকোণা
৬.	১০০১	কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া	৩৭.	৪৯০১	গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ
৭.	১১০১	সরকারি বি.এম কলেজ, বরিশাল	৩৮.	৪৯১৪	সরকারি জিল্লুর রহমান মহিলা কলেজ
৮.	১২০১	সোহরাওয়ার্দী সরকারি কলেজ, পিরোজপুর	৩৯.	৫০০১	সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর
৯.	১৪০১	ভোলা সরকারি কলেজ, ভোলা	৪০.	৫১০১	শেরপুর সরকারি কলেজ, শেরপুর
১০.	১৫০১	পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী	৪১.	৫২০১	আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ
১১.	১৬০১	বরগুনা সরকারি কলেজ, বরগুনা	৪২.	৫৩০১	সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল
১২.	১৭০১	এম.সি কলেজ, সিলেট	৪৩.	৫৪০১	নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী
১৩.	২০০১	মৌলভীবাজার সরকারি কলেজ	৪৪.	৫৫০১	ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর
১৪.	২১০১	সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা	৪৫.	৫৫১১	টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর
১৫.	২২০১	সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ	৪৬.	৫৬০১	সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ
১৬.	২৪০১	নওগাঁ সরকারি কলেজ,নওগাঁ	৪৭.	৫৮০১	সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
১৭.	২৫০১	রাজশাহী কলেজ, রাজশাহী	৪৮.	৫৯১২	ডা. আবুল হোসেন কলেজ, রাজবাড়ী
১৮.	২৭০১	সরকারি আযিযুল হক কলেজ, বগুড়া	৪৯.	৬০০১	সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর
১৯.	২৮০১	জয়পুরহাট সরকারি কলেজ	৫০.	৬১০১	সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ
২০.	২৯০৬	হাতীবান্ধা আলীমুদ্দীন কলেজ, লালমনিরহাট	৫১.	৬২০৯	শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর
২১.	৩০০১	কুড়িগ্রাম সরকারি কলেজ, কুড়িগ্রাম	৫২.	৬৩০১	সরকারি নাজিমুদ্দিন কলেজ, মাদারীপুর
২২.	৩১০১	নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী	৫৩.	৬৪১০	নিউ মডেল কলেজ, ঢাকা
২৩.	৩২০১	কারমাইকেল কলেজ, রংপুর	৫৪.	৬৪১৬	সিদ্ধেশ্বরী কলেজ, ঢাকা
২৪.	৩৪০১	দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর	৫৫.	৬৪২২	তেজগাঁও কলেজ, ঢাকা
২৫.	৩৭০১	ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা	৫৬.	৬৪২৫	শেখ বোরহানুদ্দিন কলেজ, ঢাকা
২৬.	৩৮০১	ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ	৫৭.	৬৪৩৯	আবুজর গিফারী কলেজ, ঢাকা
২৭.	৩৯০১	চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর	৫৮.	৬৪৪৭	লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা
২৮.	৪০০১	লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর	৫৯.	৬৪৫৮	মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা
২৯.	৪১০১	ফেনী সরকারি কলেজ, ফেনী	৬০.	৬৪৫৯	হাবীবুল্লাহ বাহার কলেজ, ঢাকা
৩০.	৪২০১	নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী	৬১.	৬৪৮৬	আলহাজ্ব মকবুল হোসেন কলেজ, ঢাকা
৩১.	৪৩০১	চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম			

৯। রেজিস্ট্রেশন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্ধারিত সময়ের পরে বিলম্ব/বিশেষ অনুমতিতে রেজিস্ট্রেশনের বিষয়ে কোন আবেদন বিবেচনা করা যাবে না বিধায় নির্দিষ্ট সময়ের পর এ বিষয়ে কোন আবেদন পত্রে সুপারিশ করে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ না করার জন্য কলেজ অধ্যক্ষগণকে অনুরোধ করা হলো।

১০। রেজিস্ট্রেশন সংক্রান্ত এ বিজ্ঞপ্তির **যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে**।

স্বাক্ষরিত/-

(অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ই- মেইল: pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন/২০১৯/৪৫৭৬ **তারিখ: ১৫/০১/২০২০**

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

১। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়

২। পরিচালক, তথ্য প্রযুক্তি দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় লয় (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

৩। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়

৪। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৭। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৯। অফিস কপি

স্বাক্ষরিত/-

উপ-রেজিস্ট্রার

একাডেমিক (মাস্টার্স)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।